জীবননগরে আনন্দ মিছিল ও আলোচনা সভা অনুষ্ঠিত

আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে হাজী মোঃ আলী আজগার টগর চুয়াডাঙ্গা-২ (জীবননগর-দামুড়হুদা) আসন থেকে আওয়ামী লীগের মনোনয়ন পাওয়ায় জীবননগরে আনন্দ মিছিল, মোটরসাইকেল শোডাউন ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ মঙ্গলবার বিকাল সাড়ে ৩টার সময় জীবননগর পৌর আওয়ামী লীগ ও সহযোগী সংগঠনের নেতা-কর্মীরা জীবননগর উপজেলার হাসাদহ বাজার থেকে একটি আনন্দ মিছিল বের করেন।

মিছিলটি হাসাদহ বাজার থেকে শুরু হয়ে শহরের প্রধান সড়ক প্রদক্ষিণ করে জীবননগর বাসষ্ট্রান্ড চত্বরে এসে শেষ হয়। এরপর জীবননগর মুক্ত মঞ্জে উপজেলা সদরে দলীয় নেতা-কর্মী ও বিভিন্ন শ্রেণি-পেশার মানুষের সাথে মতবিনিময় করেন এমপি টগর ।

এ সময় উপজেলা আওয়ামী লীগের সাবেক সভাপতি গোলাম মোতুজা,জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাফিজুর রহমান,দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনসুর বাবু,জীবননগর পৌর সভার মেয়র রফিকুল ইসলাম,দশনা পৌর সভার মেয়র আতিয়ার রহমান হাবু,জীবননগর পৌর আওয়ামীলীগের সাধারন সম্পাদক ও সাবেক মেয়র জাহাঙ্গীর আলম,উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আঃ সালাম ঈশা ,মনোহরপুরইউপি চেয়ারম্যান সোহরাব হোসেন খান,বাকা ইউপি চেয়ারম্যান আব্দুল কাদের প্রধান,উথলী ইউপি চেয়ারম্যান আব্দুল হান্নান,কে,ডি,কে ইউপি চেয়ারম্যান খাইরুল বাশার শিপলুসহ বিভিন্ন ইউনিয়নের নেতাকমিগন উপস্থিত ছিলেন।

জীবননগর উপজেলা আওয়ামী লীগের সাবেক সভাপতি গোলাম মোতুজা বলেন, ‘আওয়ামী লীগ সভাপতি শেখ হাসিনা পুনরায় চুয়াডাঙ্গা -২ আসনের যোগ্য প্রাথী হাজী আলী আজগার টগরকে দলীয় মনোনয়ন দেওয়ায় আমরা আনন্দিত। হাজী আলী আজগার টগর এই আসন থেকে যতবার নির্বাচন করেছেন, ততবারই বিপুল ভোটে জয়ী হয়েছেন। তাঁর বিপক্ষে যাঁরা নির্বাচন করেছেন, তাঁরা সবাই জামানাত হারিয়েছেন। আশা করছি আগামী দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে আলী আজগার টগরের বিপক্ষে এখানে কোনো দল থেকে কেউ প্রতিদ্বন্দ্বিতা করলে তিনিও জামানাত হারাবেন।’

চুয়াডাঙ্গা-২ আসনে আওয়ামীলীগের মনোনীত প্রাথী হাজী আলী আজগার টগর বলেন, ‘প্রধানমন্ত্রী শেখ হাসিনা আমাকে যোগ্য মনে করে আবারও মনোনয়ন দিয়েছে এ নিয়ে আমি পাচবার জাতীয় সংসদ সদস্য হিসাবে নির্বাচনে অংশগ্রহন করবো এর আগেও এই আসন থেকে আমি ৪বার বিজয় লাভ করেছি আশাকরি এবারও জয়লাভ করবো । তিনি আরও বলেন, ‘প্রধানমন্ত্রী শেখ হাসিনা ক্ষমতায় আশার পর তিনার দেওয়া নিদেশনা মতে আমি আমার এলাকায় ব্যাপক উন্নয়নমূলক কাজ করেছি এবং আগামি নিবাচনে নিবাচিত হয়ে আমার নিবাচনী এলাকায় যে সমস্থ উন্নয়নমূলক কাজ এখনও সমাপ্ত হয়নি সেগুলো সমাপ্ত করবো ।

এ নৌকা প্রতিক আপনাদের,আমি শুধু নৌকার মাঝি — সালাহ্ উদ্দীন মিয়াজি

এ নৌকা প্রতিক আপনাদের,আমি শুধু নৌকার মাঝি। আর আপনারাই পারেন,নির্বাচনে নৌকাকে বিজয়ী করে,কাংক্ষিত লক্ষ্যে পৌছে দিতে।

আজ মঙ্গলবার বিকেলে কোটচাঁদপুর মেইনবাসস্ট্যান্ডের গণসংবর্ধনা অনুষ্ঠানে এ কথা বলেন মেজর জেনারেল সালাহ উদ্দীন মিয়াজি। তিনি বলেন,অনেক যাচাই বাছাইয়ের পর, প্রধান মন্ত্রী শেখ হাসিনা যে নৌকা প্রতিক আমাকে দিয়েছেন,সেটা শুধু আমার প্রতিক না। এটা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিক, শেখ হাসিনার প্রতিক নৌকা এ দেশের স্বাধীনতার প্রতিক।

সংবধনা অনুষ্ঠানে উপস্থিত ছিলেন,কোটচাঁদপুর উপজেলা আওয়ামী লীগের সভাপতি মোছাঃ শরিফুননেসা মিকি,পৌর মেয়র সহিদুজ্জামান (সেলিম),আওয়ামীলীগ নেতা হুমায়ূন কবির লতা,মহেশপুর উপজেলা আওয়ামী লীগের সভাপতি সাজ্জাদ হোসেন, সাধারণ সম্পাদক মীর সুলতানুজ্জামান লিটন,কোটচাঁদপুর পৌর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক রিপন মন্ডল।

এদিকে নৌকার প্রার্থী সালাহ উদ্দিন মিয়াজির আগমন উপলক্ষে, দুপুরের পর থেকে কোটচাঁদপুর মেইন বাসস্ট্যান্ডে জড়ো হতে থাকে

উপজেলার বিভিন্ন এলাকা থেকে আসা নেতা-কর্মীরা।

বিকাল ৫ টান সময় বিশাল মটর সাইকেল আর প্রাইভেট মাইক্রো বাস নিয়ে কোটচাঁদপুর শহরে প্রবেশ করেন,প্রার্থী সালাহ উদ্দিন মিয়াজি। এ সময় নৌকার শ্লোগানে মুখরিত হয়ে উঠে এলাকাটি। আর খোলা মাইক্রোবাসের মধ্যে থেকে হাত নেড়ে শুভেচ্ছা জানাতে নেমে আসেন,তিনি। যোগদান করেন,সংবধনা অনুষ্ঠানে,নিজের জন্য নৌকা প্রতিকে ভোট চান মিয়াজি।

মেজর জেনারেল সালাহ উদ্দীন মিয়াজিকে নৌকা প্রতিক প্রদান করায়,প্রধান মন্ত্রী শেখ হাসিনাকে কৃতজ্ঞতা এ সংবধনার আয়োজন করেন, কোটচাঁদপুর উপজেলা আওয়ামী লীগ ও সহযোগী সংগঠন।

কুষ্টিয়ায় নৌকার বিপক্ষে সাবেক দুই এমপি, হানিফের বিপক্ষে মেয়র পুত্র

কুষ্টিয়ায় আওয়ামী লীগের মনোনয়ন না পেয়ে নৌকার বিপক্ষে লড়বেন সাবেক দুই এমপি কুষ্টিয়া-১ (দৌলতপুর) আসনের সাবেক সংসদ সদস্য রেজাউল হক চৌধুরী ও কুষ্টিয়া-৪ (কুমারখালী-খোকসা) আসনের সাবেক সংসদ সদস্য আবদুর রউফ।

তারা দুজনে স্বতন্ত্র প্রার্থী হিসেবে নির্বাচনে অংশ নেওয়ার ঘোষণা দিয়েছেন। এবং স্থানীয় নির্বাচন অফিস থেকে মনোনয়ন ফরম উত্তোলন করেছেন।

রেজাউল হক চৌধুরী ২০১৪ সালে অনুষ্ঠিত সংসদ নির্বাচনে কুষ্টিয়া-১ (দৌলতপুর) আসনে স্বতন্ত্র প্রার্থী হিসেবে লড়ে আওয়ামী লীগের প্রার্থী আফাজ উদ্দিন আহমদকে পরাজিত করে সংসদ সদস্য নির্বাচিত হন। তিনি দৌলতপুর উপজেলা আওয়ামী লীগের সিনিয়র সহ-সভাপতি।

আবদুর রউফ কুষ্টিয়া-৪ (কুমারখালী-খোকসা) আসন থেকে ২০১৪ সালে বাংলাদেশ আওয়ামী লীগ থেকে প্রথমবারের মতো সংসদ সদস্য হিসেবে

নির্বাচিত হয়েছেন। তিনি জেলা আওয়ামী লীগের সদস্য। আবদুর রউফ কুষ্টিয়া জেলার কুমারখালী উপজেলার বাঁশগ্রাম গ্রামের বাসিন্দা।

তফসিল ঘোষণার পর আওয়ামী লীগের দলীয় মনোনয়ন পেতে কুষ্টিয়ার ৪টি সংসদীয় আসন থেকে ৪১ জন মনোনয়ন ফরম কিনেছিলেন।

তাদের মধ্যে বর্তমান সংসদ সদস্য মাহবুব উল আলম হানিফ, সেলিম আলতাফ জর্জ, আকাম সরওয়ার জাহান বাদশাহকে দলীয় মনোনয়ন দেওয়া হয়েছে। তবে কুষ্টিয়া-২ (মিরপুর-ভেড়ামারা) আসনের প্রার্থী ঘোষণা করা হয়নি।

কুষ্টিয়া-৩ (সদর) আসনে মনোনয়ন পেয়েছেন বর্তমান সংসদ সদস্য ও আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক মাহাবুব-উল আলম হানিফ, কুষ্টিয়া-১ (দৌলতপুর) আসনে সংসদ সদস্য ও দৌলতপুর উপজেলা আওয়ামী লীগের সভাপতি আ কা ম সরওয়ার জাহান বাদশাহ, কুষ্টিয়া-৪ (কুমারখালী-খোকসা) আসনে বর্তমান সংসদ সদস্য ও যুবলীগের প্রেসিডিয়াম সদস্য ব্যারিস্টার সেলিম আলতাফ জর্জ মনোনয়ন পেয়েছেন।

এদিকে কুষ্টিয়া-৩ (সদর) আসনে মাহাবুব-উল আলম হানিফের আসনটিতে স্বতন্ত্র প্রার্থী হিসেবে নির্বাচনে অংশ নেওয়ার সিদ্ধান্ত নিয়েছেন জেলা আওয়ামী লীগের সাবেক ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক ও পাঁচবারের পৌর মেয়র আনোয়ার আলীর ছেলে পারভেজ আনোয়ার তনু।

গতকাল সোমবার বিকেলে নিজের কর্মী-সমর্থকদের নিয়ে সদর উপজেলা নির্বাচন অফিসার মো. সহিদুর রহমানের কাছ থেকে তিনি মনোনয়নপত্র সংগ্রহ করেছেন।

হানিফ ছাড়া এ আসন থেকে মনোনয়নপত্র তুলেছিলেন বঙ্গবন্ধুর মন্ত্রিসভার খাদ্য প্রতিমন্ত্রী ব্যারিস্টার এম আমীর-উল ইসলাম, জেলা আওয়ামী লীগের সহসভাপতি ডা. এ এফ এম আমিনুল হক রতন, সাধারণ সম্পাদক আজগর আলী, সংরক্ষিত মহিলা আসনের সাবেক সংসদ সদস্য আনজুমান লাইলা বানু এবং ইউকে আওয়ামী লীগের প্রতিষ্ঠাতা সাধারণ সম্পাদক খন্দকার মাহাতাবুল হক জয়।

তবে দলীয় নেতা-কর্মীরা কুষ্টিয়া-৩ আসনে হানিফের বিকল্প কাউকে ভাবছিলেন না। কারণ গত ১০ বছরে কুষ্টিয়া সদর আসনে যে উন্নয়ন হয়েছে, তাতে মাহবুব-উল আলম হানিফের প্রতি দলমত-নির্বিশেষে সবাই আস্থা রেখেছেন। এবার তৃতীয়বারের মতো সদর আসন থেকে মনোনয়ন

পেয়েছেন তিনি।

কুষ্টিয়া-৪ আসনের সাবেক সংসদ সদস্য আবদুর রউফ বলেন, আমি কুমারখালী-খোকসা আসনের সাবেক সংসদ সদস্য। সংসদ সদস্য হিসেবে এলাকায় ব্যাপক উন্নয়ন করেছি। আমি দলীয় মনোনয়ন পায়নি। বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত হওয়ার কোনো সুযোগ নেই। আসন্ন নির্বাচনে আমি স্বতন্ত্র প্রার্থী হিসেবে নির্বাচন করবো। কুমারখালী-খোকসার মানুষ আমার সঙ্গে আছেন। আমাদের জয় হবে ইনশাআল্লাহ।

কুষ্টিয়া-১ আসনের সাবেক সংসদ সদস্য রেজাউল হক চৌধুরী বলেন, আমি দলীয় মনোনয়ন পায়নি। স্বতন্ত্র প্রার্থী হিসেবে নির্বাচন করবো। আমি এই আসনের সাবেক সংসদ সদস্য। দৌলতপুরের অনেক উন্নয়ন আমার সময়ে হয়েছে। দৌলতপুরে মানুষ আমার সঙ্গে আছেন।

এ বিষয়ে কুষ্টিয়া জেলা আওয়ামী লীগের সভাপতি আলহাজ্ব সদর উদ্দীন খান বলেন, আগামী জাতীয় নির্বাচনে নৌকার জয় হবে। দল যাকে দলীয় মনোনয়ন দিয়েছে তার পক্ষে ঐক্যবদ্ধ হয়ে নেতাকর্মীরা কাজ করবে। স্বতন্ত্র প্রার্থীদের বিষয়ের আমি কিছু বলতে চাই না।

জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আজগর আলী বলেন, ‘নৌকাকে জেতানো আমাদের নৈতিক দায়িত্ব। তাই এর বাইরে আমরা কিছু ভাবছি না।’

একাধিক আওয়ামী লীগের নেতা জানিয়েছেন, এবার জাতীয় সংসদ নির্বাচনে কুষ্টিয়া-১ ও কুষ্টিয়া-৪ আসনে প্রতিদ্বন্দ্বিতার ক্ষেত্রে আওয়ামী লীগের সাবেক সংসদ সদস্য রউফ ও রেজাউল নৌকার বিপক্ষে নির্বাচন করবেন। এক্ষেত্রে দলও খুব একটা কঠোর হবে না। কারণ, বিএনপি ভোটে আসবে না, এটি ধরে নিয়েই ক্ষমতাসীনেরা প্রতিদ্বন্দ্বিতামূলক নির্বাচন দেখাতে চাইছেন। যাতে বিনা প্রতিদ্বন্দ্বিতায় কেউ জিততে না পারেন।

আওয়ামী লীগের লক্ষ্য নির্বাচন প্রতিদ্বন্দ্বিতাপূর্ণ করে তোলা, ভোট উৎসবমুখর করা ও কেন্দ্রে ভোটার উপস্থিতি বাড়ানো। নির্বাচন অংশগ্রহণমূলক করে তুলতে একাধিক বিকল্পের একটি হলো মাঠে স্বতন্ত্র প্রার্থী রাখা।

নির্বাচন কমিশন ঘোষিত তফসিল অনুযায়ী, আগামী ৭ জানুয়ারি দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন অনুষ্ঠিত হবে। এ নির্বাচনে অংশগ্রহণকারী

প্রার্থীদের নির্বাচন কমিশনে মনোনয়নপত্র জমা দেওয়ার শেষ তারিখ আগামী ৩০ নভেম্বর।

আলমডাঙ্গা পৌর আওয়ামীলীগের মতবিনিময় সভা

আসন্ন জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে আলমডাঙ্গা পৌর আওয়ামী লীগের উদ্যোগে এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল সোমবার সন্ধ্যা ৭ টার দিকে উপজেলা আওয়ামী লীগ কার্যালয়ে এ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

মতবিনিময় সভায় আলমডাঙ্গা পৌর আওয়ামীলীগের সভাপতি দেলোয়ার হোসেনের সভাপতিত্বে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা আওয়ামী লীগের সাবেক সাংগঠনিক সম্পাদক মাসুদুজ্জামান লিটু বিশ্বাস, বন ও পরিবেশ বিষয়ক সম্পাদক শহিদুল ইসলাম খাঁন,সদস্য হাজী শাহ আলম, আলমডাঙ্গা উপজেলা আওয়ামীলীগের সভাপতি আবু মুছা, সাধারণ সম্পাদক ইয়াকুব আলী মাস্টার, সাবেক উপজেলা আওয়ামীলীগের সহ- সভাপতি লিয়াকত আলী লিপু মোল্লা, মাসুদ রানা তুহিন।

পৌর আওয়ামীলীগের সাধারণ সম্পাদক মতিয়ার রহমান ফারুকের উপস্থাপনায় আরো উপস্থিত ছিলেন, পৌর আওয়ামীলীগের সিনিয়র সহ-সভাপতি ডা.অমল কুমার বিশ্বাস, সহ-সভাপতি আমিনুল ইসলাম অপু মোল্লা সাবেক দপ্তর সম্পাদক মাসুদ সালেহিন উৎপল, জাহাঙ্গীর আলম, উপজেলা ছাত্রলীগের সাবেক সাধারণ সম্পাদক আলাল উদ্দিন, সাবেক সাংগঠনিক সম্পাদক গোলাম সারোয়ার শামিম, আলমডাঙ্গা সরকারি কলেজের সাবেক সভাপতি আশরাফুল ইসলাম, ছাত্রলীগ নেতা বাদশা, হাসান, সাকিব, অটল, রকি,প্রমুখ।সভায় বক্তাগন আগামী দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে চুয়াডাঙ্গা-১ আসনে জেলা আওয়ামীলীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা জননেতা সোলায়মান হক জোয়ার্দ্দার সেলুনে নৌকা প্রতিকে ভোট দিয়ে পুনঃরায় নির্বাচিত করতে হবে।ছেলুন এমপি আমাদের পরিক্ষিত সৈনিক,যে দীর্ঘ ৫৫ বছরের অধিক আওয়ামীলীগের রাজনীতির সাথে জড়িত।আলমডাঙ্গা উপজেলা ও পৌর আওয়ামীলীগের সকল ইউনিয়ন ও

ওয়ার্ড কমিটি জননেতা সোলায়মান হক জোয়ার্দারের সাথে আছে। আমরা ৭ জানুয়ারি জনগনের ম্যান্ডেট নিয়ে বিজয়ের হাসি হাসব।

চুয়াডাঙ্গা ২ আসনের এমপি টগরের পক্ষে মনোনয়ন সংগ্রহ

চুয়াডাঙ্গা ২ আসনের বাংলাদেশ আওয়ামীলীগ মনোনীত নৌকার কাণ্ডারি হাজী আলী আজগার টগরের পক্ষে মনোনয়ন সংগ্রহ করেছেন নেতৃবৃন্দ।

গতকাল সোমবার সকাল ১১ টায় চুয়াডাঙ্গা জেলা নির্বাচন কার্যলয়ে মনোনয়ন সংগ্রহ কালে উপস্থিত ছিলেন,দামুড়হুদা উপজেলা চেয়ারম্যান ও দর্শনা পৌর আওয়ামীলীগের সাধারন সম্পাদক আলী মুনছুর বাবু,দর্শনা পৌর মেয়র আতিয়ার রহমান হাবু,দর্শনা পৌর আওয়ামীলীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা রুস্তম আলী,সহ সম্পাদক গোলাম ফারুক আরিফ,জীবননগর পৌরসভার সাবেক মেয়র জাহাঙ্গীর আলম,আ’লীগ নেতা জাহিদুল ইসলাম,যুবলীগ নেতা ফারুক, হিরন,আব্দুস সালাম ভুট্রু ও ছাত্রলীগ নেতা অপু সরকার।

চুয়াডাঙ্গা-২ আসনে জাসদ ও জাতীয় পার্টির দলীয় মনোনয়ন ঘোষণা

চুয়াডাঙ্গা-২ আসন থেকে জাসদ ও জাতীয় পার্টির ২ জন দলীয় মনোনয়ন পেয়েছে। এদের মধ্যে জাতীয় সমাজতান্ত্রিক দল জাসদের মশাল প্রতিকে দেওয়ান ইয়াসিন উল্লাহ ও জাতীয় পার্টির লাঙ্গল প্রতিকে রবিউল ইসলাম দলীয় মনোনয়ন পেলেন।

আজ সোমবার সকাল ১১টায় দর্শনা পৌর জাসদের অফিস থেকে দেওয়ান ইয়াসিন উল্লাহ তার মনোনয়ন সংগ্রহ করেছেন। জাতীয় সমাজতান্ত্রিক দলের সভাপতি হাসানুল হক ইনু”র প্রেরিত মনোনয়ন পত্রটি জাতীয় যুব জোটের দর্শনা পৌর সভাপতি আলমগীর হোসেন মিল্টন, জাসদ কেন্দ্রীয় কমিটির সদস্য অনলাইন নিউজ পোর্টাল ইভেন্ট অল ইভেন্ট নিউজের নিবার্হী সম্পাদক আব্দুস সামাদ আজাদ বিপু ও গড়াইটুপি ইউনিয়ন জাসদের সভাপতি ও চুয়াডাঙ্গা জেলা কমিটির সদস্য ডাক্তার হোসেন এর নিকট থেকে চুয়াডাঙ্গা-২ আসনের মনোনয়ন পত্রটি দেওয়ান ইয়াসিন উল্লাহ গ্রহন করেন।

এ নিয়ে চুয়াডাঙ্গা-২ আসন থেকে ৩ জন দলীয় মনোনয়ন পেলেন।

মেহেরপুরে নির্বাচনের প্রস্তুতি শুরু,ফরহাদ হোসেনের মনোনয়ন ফরম সংগ্রহ

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে নৌকা প্রতীক নিয়ে নির্বাচন করার জন্য মেহেরপুর ১ আসন থেকে মনোনয়ন পেয়েছেন ফরহাদ হোসেন।

সোমবার (২৭ নভেম্বর ) বেলা সাড়ে বারোটার দিকে ফরহাদ হোসেনের পক্ষে মেহেরপুর জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি ও ইউপি চেয়ারম্যান আব্দুস সামাদ বাবলু বিশ্বাস মেহেরপুর ১ আসনের জন্য মনোনয়ন ফরম সংগ্রহ করেছেন।

মেহেরপুর জেলা প্রশাসক ও দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের রিটার্নিং কর্মকর্তা মোঃ শামীম হাসানের কার্যালয় থেকে এই মনোনয়ন ফরম সংগ্রহ করেন।

এসময় ইউপি চেয়ারম্যান বোরহান উদ্দিন আহামেদ চুন্নু,মোঃ শাহ্ জামান,মোঃ সেলিম রেজা, রওশন আলী টোকন,মোঃ আয়ুব হোসেন, মতিউর রহমান প্রমুখ উপস্থিত ছিলেন।

ফরম সংগ্রহের আগে আব্দুস সামাদ বাবলু বিশ্বাস বলেন,আমরা মেহেরপুর

১ আসন বিশাল ভোটের ব্যবধানে প্রতিদ্বন্দ্বী প্রার্থীকে পরাজিত করে মেহেরপুর ১ আসন প্রধান মন্ত্রী শেখ হাসিনাকে উপহার দেবো।

ইউপি চেয়ারম্যান মোঃ শাহ্ জামান বলেন,১১ টি ইউনিয়নের চেয়ারম্যান, প্রতিটি ওয়ার্ডের সভাপতি, সাধারণ সম্পাদক ফরহাদ হোসেনের পক্ষে। আমি মনে করি কোনো প্রতিদ্বন্দ্বিতার প্রশ্নই আসে না বিশাল ভোটের ব্যবধানে মেহেরপুর ১ আসন প্রধান মন্ত্রী শেখ হাসিনাকে আমরা উপহার দেবো।

চুয়াডাঙ্গা-১ আসনের নাগদাহ ইউনিয়নে আনন্দ মিছিল

আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে চুয়াডাঙ্গা-১ আসন (চুয়াডাঙ্গা সদর -আলমডাঙ্গা) থেকে জেলা আওয়ামী লীগের সভাপতি ও বীরমুক্তিযোদ্ধা সোলায়মান হক জোয়াদ্দার ছেলুন আওয়ামী লীগের মনোনয়ন পাওয়ায় নাগদাহ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও কার্যনির্বাহী সদস্যের নেতৃত্বে আনন্দ মিছিল অনুষ্ঠিত হয়েছে।

গতকাল রোববার সন্ধ্যায় নাগদাহ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও ইউনিয়ন আওয়ামীলীগের কার্যনির্বাহী সদস্য এজাজ ইমতিয়াজ বিপুল জোয়াদ্দারের নেতৃত্বে আওয়ামী লীগ ও অঙ্গ সংগঠনের নেতাকর্মীরা আনন্দ মিছিল করেন। এসময় ২ শতাধিক মোটরসাইকেল বহর নিয়ে ইউনিয়নের বিভিন্ন গ্রাম নাগদাহ, বলিয়ারপুর, ভোলারদাড়ি, দমদমা, বেনাগাড়ি, জোড়্গাছা, বারোঘরিয়া,জাহাপুর, চিলাভালকি, জহুরুলনগর, খেজুরতলা, ভেদামারি গ্রাম প্রদক্ষিণ করেন।

এসময় আওয়ামী লীগ, যুবলীগ, ছাত্রলীগ ও সহযোগী সংগঠনের পক্ষ থেকে আনন্দ মিছিল করা হয়। এছাড়া স্থানীয় নেতাকর্মীরা সোলায়মান হক জোয়াদ্দার ছেলুনের নৌকা মার্কায় ভোট দেওয়ার জন্য অনুরোধ করেন।

এর আগে রোববার বিকেলে বঙ্গবন্ধু এভিনিউর আওয়ামী লীগের কেন্দ্রীয় কার্যালয় থেকে মনোনয়ন প্রাপ্তদের নাম ঘোষণা করেন দলের সাধারণ

সম্পাদক ওবায়দুল কাদের।

উল্লেখ্য, চুয়াডাঙ্গা-১ আসন থেকে মনোনয়ন ফরম সংগ্রহ করেন সোলায়মান হক জোয়াদ্দার ছেলুন ছাড়াও আরও ১৬ জন। এর আগে একাদশ জাতীয় সংসদ নির্বাচনে আওয়ামী লীগের মনোনয়নে সংসদ সদস্য নির্বাচিত হন ছেলুন । এবারও তাকে দলীয় মনোনয়ন দিয়েছে আওয়ামী লীগ।

(আগের নিউজটায় তথ্য সংকট ছিলো,পূণরায় আপডেট করা হয়েছে। এই নিউজটা নিবেন)।

ছেলুন জোয়ার্দ্দার নৌকার মাঝি হওয়াতে আলমডাঙ্গায় আনন্দ মিছিল-মিষ্টি বিতরণ

আসন্ন জাতীয় নির্বাচনে চুয়াডাঙ্গা-১ আসনে আবারও নৌকার মনোনয়ন পেলেন জেলা আওয়ামীলীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা সোলায়মান হক জোয়ার্দার ছেলুন। মনোনয়ন প্রাপ্তির সংবাদে আলমডাঙ্গায় আনন্দ মিছিল ও মিষ্টি বিতরণ করা হয়েছে।

গতকাল বিকেলে কেন্দ্রীয় আওয়ামীলীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের মনোনয়ন ঘোষনা করার পর পরই আলমডাঙ্গা উপজেলা ও পৌর আওয়ামীলীগ ও সহযোগি সংগঠনের নেতাকর্মিরা রাস্তায় নেমে আসেন। এ সময় নেতাকর্মিরা বাদ্য বাজিয়ে শহরে আনন্দ মিছিল বের করে। পরে মিষ্টি বিতরণ করা হয়।

আনন্দ মিছিলে উপস্থিত ছিলেন আলমডাঙ্গা উপজেলা আওয়ামীলীগের সভাপতি আবু মুছা, সাধারণ সম্পাদক ইয়াকুব আলী মাষ্টার, জেলা আওয়ামীলীগের সাবেক বন ও পরিবেশ বিষয়ক সম্পাদক সহিদুল ইসলাম খান, আলমডাঙ্গা উপজেলা আওয়ামীলীগের সাবেক সহ-সভাপতি আলহাজ্ব লিয়াকত আলী লিপু মোল্লা, পৌর সভাপতি দেলোয়ার হোসেন, সাধারণ সম্পাদক মতিয়ার রহমান ফারুক, মাসুদ রানা তুহিন, আব্দুল মালেক, সাইফুর রহমান

পিন্টু, পরিমল কুমার কালু ঘোষ, কামাল হোসেন, জাহাঙ্গির হোসেন, কাউন্সিলর মজিবুল হক, সৈকত খান, শাফায়েত ইসলাম, মহাসিন কামাল ,কলেজ ছাত্রলীগের সাবেক সভাপতি আশরাফুল ইসলাম, ছাত্রলীগ নেতা আব্দুল্লাহ আল হুসাইন বাদশা, হাসান, রকি, সাকিব, অটল প্রমুখ।

এছাড়াও কুমারী ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি আবু সাঈদ পিন্টু চেয়ারম্যানের নেতৃত্বে শহরে পৃথক আনন্দ মিছিল হয়েছে।

চুয়াডাঙ্গা-২ আসনে এমপি টগর মনোনয়ন পাওয়ায় আনন্দ মিছিল

চুয়াডাঙ্গা-২আসনে বর্তমান সংসদ সদস্য হাজী আলি আজগর টগর কে আবারো মনোনয়ন দেওয়ায় আনন্দ মিছিল করেছে নেতৃবৃন্দরা।

আজ রোববার রাত ৮টার দিকে দামুড়হুদা সদর ইউনিয়ন আওয়ামীলীগের আয়োজনে আনন্দ মিছিলে নেতৃত্ব দেন দামুড়হুদা সদর ইউনিয়ন আওয়ামীলীগের সাধারণ সম্পাদক শফিউল কবীর ইউসুফ ও দামুড়হুদা উপজেলা আওয়ামীলীগের অন্যতম নেতা সেলিম উদ্দিন বগা।

এসময় উপস্থিত ছিলেন ৩নং ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি জসিম উদ্দিন, সাধারণ সম্পাদক ইমতিয়াজ হোসেন, আওয়ামী লীগ নেতা আবুল হাশেম, শমশের আলী, মতিয়ার রহমান, হাসান মেম্বার, দামুড়হুদা ইউনিয়ন যুবলীগের সভাপতি আব্দুল হালিম ভুট্ট, শাহীন, হেকমত আলী, ভুট্টু, উপজেলা ছাত্র লীগের সাধারণ সম্পাদক সাজু আহমেদ রিংকু সহ শত শত নেতাকর্মী প্রমুখ।